

# মে/২০২২ মাসের মাসিক সভার কার্য বিবরণী

সভাপতিঃ মোঃ সোলায়মান বিশ্বাস  
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, টুঞ্জিপাড়া

সভার তারিখ ও সময়ঃ ২৬/০৫/২০২২, সকাল-১১.০০ ঘটিকা

স্থানঃ "বজ্রকণ্ঠ" উপজেলা পরিষদ সভা কক্ষ।

উপস্থিত ব্যক্তিবর্গের তালিকাঃ পরিষদ "ক"

জনাব মোঃ সোলায়মান বিশ্বাস, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, টুঞ্জিপাড়া এর সভাপতিত্বে মে/২০২২ মাসের মাসিক সমন্বয় সভা "বজ্রকণ্ঠ" উপজেলা পরিষদ সভা কক্ষে অনুষ্ঠিত হয়। সভাপতির সম্মতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার সভা পরিচালনা করেন। অতঃপর পূর্ব বর্তী মাসের কার্য বিবরণী সকলকে পাঠ করে শুনো হয়। কার্য বিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্ব সম্মতিক্রমে দৃঢ়করণ করা হয়। অতঃপর বিভিন্ন দপ্তরের কর্ম কর্তাগণকে সমন্বয় সভায় তাদের বক্তব্য উপস্থাপনের আহবান জানান।

## উপজেলা প্রকৌশলীর কার্য লয় টুঞ্জিপাড়া

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
<p>সভায় উপজেলা প্রকৌশলী, টুঞ্জিপাড়া জানান যে, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় হতে ২০২১-২২ অর্থ বছরের টুঞ্জিপাড়া উপজেলায় আনছার সদস্যদের আবাসন ভবন নির্মাণের জন্য ১৫ (পনের) লক্ষ টাকা এবং উপজেলা পরিষদের অডিটরিয়াম ও গেজেটেড কোয়ার্টার মেরামতের জন্য ১০ (দশ) লক্ষ করে ০২টি কাজে ২০ (বিশ লক্ষ) টাকা বরাদ্দ এসেছে। আনছার সদস্যদের জন্য আবাসন ভবন নির্মাণ কাজটি টেন্ডার এবং উপজেলা পরিষদের অডিটরিয়াম ও গেজেটেড কোয়ার্টার মেরামতের কাজ ০২ (দুই)টি RFQ এর মাধ্যমে বাস্তবায়নের জন্য সভায় প্রস্তাব উপস্থাপন করেন। সভায় তিনি আরও জানান যে, উপজেলা ডরমিটরী ভবনটি দীর্ঘ দিন সংস্কারের অভাবে স্যানেটারী লাইন ও পানির লাইনে সমস্যা দেখা দিয়েছে। যে কারণে ডরমিটরী ভবনের পিছনের যাতায়াতের রাস্তা পানিতে তলিয়ে যায় এবং মানুষের চলাচলে অসুবিধা হয়। এমতাবস্থায়, উপজেলা ডরমিটরী ভবনটি সংস্কার করার জন্য ১৯,৭৬৭/= টাকার একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। উক্ত কাজ বাস্তবায়নের জন্য সভায় প্রস্তাব উপস্থাপন করেন। সভায় তিনি আরও জানান যে, এডিপি প্রকল্পের মধ্য হতে বাঁশবাড়ীয়া মধ্যপাড়া এলজিইডি রাস্তা হতে শহীদ শেখের বাড়ী পর্যন্ত রাস্তায় ইটের সোলিং নির্মাণ কাজটি পরিবর্তে বাঁশবাড়ীয়া এলজিইডি এর পাকা রাস্তা হতে জাকির তালুকদারের বাড়ী পর্যন্ত এইচবিবি রাস্তা নির্মাণ কাজ বাস্তবায়নের জন্য প্রস্তাব উপস্থাপন করেন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। সভায় তিনি আরও জানান যে, মাননীয় প্রধানমন্ত্রীর বিশেষ প্রকল্প হতে বর্নি ইউনিয়নের পূর্ব বর্নি জাহিদবিশ্বাসের বাড়ী হতে বিশ্বাস বাড়ী জামে মসজিদ সংযোগ সড়কের মাটির কাজ সম্পন্ন করা হয়। কিন্তু উক্ত রাস্তাটি এইচবিবি দ্বারা উন্নয়ন করতে গেলে স্থানীয় একজন তাহার জমির উপর দিয়ে রাস্তা করতে বাধা প্রদান করার কারণে কাজটি বাস্তবায়ন করা যাচ্ছে না। সভায় তিনি আরও জানান যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের প্যাকেজ নং- INF-2020-21-303591-01, টুঞ্জিপাড়া উপজেলার ৬টি গুরুত্বপূর্ণ রাস্তায় সোলার ১৩৭টি লাইট স্থাপন/সরবরাহ কাজ। কাজটির প্রাক্কলিত মূল্য- ৩৯৭৩৮০০.০০ টাকা এবং চুক্তি মূল্য ছিল- ৩৬০৩১০০.১৩৭ টাকা, অর্থ-বছর ২০২১-২০২২ কাজটি সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে। সভায় তিনি আরও জানান যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের দরপত্র বিজ্ঞপ্তি নং- ০৩ পত্রিকায় প্রকাশ করা হয়। যার বিল ডেলি অবজার্বার পত্রিক ১৪৯৮৬/-, দিনক ইত্তেফাক পত্রিকা- ১৫,৫২৫/=টাকা। এডিপি দরপত্র</p>	<p>সিদ্ধান্তঃ উপজেলা প্রকৌশলী, টুঞ্জিপাড়া কর্তৃক উত্থাপিত প্রস্তাবগুলো সভায় সর্ব সম্মত সিদ্ধান্তের প্রেক্ষিতে অনুমোদিত হয়।</p>	<p>১। উপজেলা প্রকৌশলী, টুঞ্জিপাড়া।</p>

বিজ্ঞপ্তি নং- ০৬ এর পত্রিকা প্রকাশের বিল দৈনিক খবর পত্রিকা- 14,714/= টাকা এবং বাংলাদেশ টুডে বিল- 17,323/= টাকা পত্রিকা অফিস হতে উপজেলা প্রকৌশলী, টুঙ্গিপাড়া এর কার্য লিয়ে দাখিল করেছেন। বিল গুলো উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের জন্য সভায় প্রস্তাব উপস্থাপন করেন। সভায় তিনি এডিপি/উন্নয়ন তহবিলের মোট বরাদ্দের আনুসঙ্গিক খরচ বাবদ 0.5% অর্থ বাবদ 50,000/= (পঞ্চাশ হাজার টাকা) মাত্র উত্তোলনের জন্য সভায় প্রস্তাব উপস্থাপন করেন। সভায় তিনি আরও জানান যে, চলতি 2021-2022 অর্থ বছরে ঘাটলা নির্মাণ কাজের ক্ষেত্রে খালে ও নদীতে পানি বৃদ্ধি জনিত কারণে উপজেলা পরিষদের উন্নয়ন তহবিলের অর্থ দ্বারা টেন্ডার আহবানকৃত কিছু কাজ বাস্তবায়ন করা সম্ভব হচ্ছেনা। এমতাবস্থায়, এ ধরনের কাজের বিল যেহেতু উপজেলা উন্নয়ন তহবিল হতে পরিশোধ করা হবে। সেক্ষেত্রে সুষ্ক মৌসুমে কাজগুলো বাস্তবায়নের পর আগামী অর্থ বছরে বিলগুলো পরিশোধের প্রস্তাব উপস্থাপন করেন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্য কর্ম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে।		
--	--	--

### উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) এর কার্য লয়

সভায় উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), টুঙ্গিপাড়া জানান যে, সরকারি প্রাথমিক বিদ্যালয়ের বেসিনসহ পানির উৎস স্থাপন প্রকল্পে ২৪টি কাজ চলমান রয়েছে। ওয়াশরুম নির্মাণে কাজে ১৪টি কাজ চলমান রয়েছে। ওয়াটার ট্রিটমেন্ট প্লান্ট স্থাপন প্রকল্পে পাটগাতী ১টি, কুশলী ১টি, বর্নি ১টি, গোপালপুর ১টি করে প্রত্যেকটি সাইট নির্বাচন কাজ চলমান রয়েছে। গভীর নলকূপও স্যানিটারী ল্যাট্রিন নির্মাণ কাজ চলমান রয়েছে। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্য কর্ম স্বাভাবিক ভাবে চলছে।	---0---	উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), টুঙ্গিপাড়া
--	---------	---

### উপজেলা পরিসংখ্যান কর্ম কর্তার কার্য লয়

সভায় উপজেলা পরিসংখ্যান কর্ম কর্তা, টুঙ্গিপাড়া জানান যে, তাঁর দপ্তর কর্তৃক জনশুমারী কার্য কর্ম চালু হয়েছে। উক্ত কাজে সকলের সার্বিক সহযোগিতা করার অনুরোধ জানান। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্য কর্ম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে।	সিদ্ধান্তঃ জনশুমারী কাজে সকলকে সার্বিক সহযোগিতা করার অনুরোধ জানান।	উপজেলা পরিসংখ্যান কর্ম কর্তা টুঙ্গিপাড়া
---	--	--

### উপজেলা শিক্ষা কর্ম কর্তার কার্য লয় টুঙ্গিপাড়া

সভায় উপজেলা শিক্ষা অফিসার, টুঙ্গিপাড়া জানান যে, আন্তঃ প্রাথমিক ক্রীড়া প্রতিযোগিতা ১২ - ১৬ মে, ২০২২ সময়ে অনুষ্ঠিত হয়েছে। ইউনিয়ন পর্যায় আন্তঃ প্রাথমিক ক্রীড়া প্রতিযোগিতা ১৭ - ১৯ মে, ২০২২ সময়ে অনুষ্ঠিত হয়েছে। আগামী ৪-৭ জুন, ২০২২ উপজেলা পর্যায় আন্তঃ প্রাথমিক ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। সভায় তিনি আরও জানান যে, জেলা তথ্য অফিসার কর্তৃক কেডাইলকোপা সরকারি প্রাথমিক বিদ্যালয় প্রাঙ্গণে ০২ দিন ব্যাপী শিশু মেলা অনুষ্ঠিত হয়েছে। উপজেলা পরিষদ হলরুম প্রাঙ্গণে উন্নয়ন মেলা অনুষ্ঠিত হয় যেখানে উপজেলা শিক্ষা কর্ম কর্তার কার্য লয় অংশগ্রহণ করেন। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্য কর্ম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে।	---0---	উপজেলা শিক্ষা কর্ম কর্তা টুঙ্গিপাড়া।
--	---------	---------------------------------------

### উপজেলা মহিলা বিষয়ক কর্ম কর্তার কার্য লয়

সভায় উপজেলা শিক্ষা অফিসার, টুঙ্গিপাড়া জানান যে, ভিজিডি, মাতৃত্বকালীন ভাতাসহ অন্যান্য দাপ্তরিক স্বাভাবিক কার্য কর্ম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে।	--0--	উপজেলা মহিলা বিষয়ক কর্ম কর্তা টুঙ্গিপাড়া
---	-------	--

### উপজেলা কৃষি কর্ম কর্তার কার্য লয়টুঞ্জিপাড়া

সভায় উপজেলা কৃষি কর্ম কর্তা, টুঞ্জিপাড়া জানান যে, বৈশাখ মাসের শেষের দিকে আবহাওয়া খারাপ হওয়ার সম্ভাবনা রয়েছে। বর্তমান চলতি বোর মৌসুমে যাদের ধান ৬০-৭০% পেকে গেছে। তাদের ধান কাটার জন্য অনুরোধ জানান।	---০---	উপজেলার কৃষি কর্ম কর্তা, টুঞ্জিপাড়া
--	---------	--------------------------------------

### উপ-সহকারী পাট উন্নয়ন কর্ম কর্তার কার্য লয়টুঞ্জিপাড়া

সভায় উপ-সহকারী পাট উন্নয়ন কর্ম কর্তা, টুঞ্জিপাড়া জানান যে, পাট উৎপাদন চাষীদের মধ্য থেকে ১৫০জন পাট উৎপাদন চাষীর প্রশিক্ষণের তালিকা প্রস্তুত করা হয়েছে। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্য ক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে।	---০---	উপ-সহকারী পাট উন্নয়ন কর্ম কর্তা টুঞ্জিপাড়া
--	---------	--

### উপজেলা সমাজসেবা কর্ম কর্তার কার্য লয়টুঞ্জিপাড়া

সভায় উপজেলা সমাজসেবা কর্ম কর্তা, টুঞ্জিপাড়া জানান যে, ক্যাম্পার/কিডনী/লিভার সিরোসিস/স্ট্রোক প্যারালাইজড/জন্মগত হৃদরোগ/থ্যালাসেমিয়া আক্রান্ত রোগীদের আর্থিক সহায়তার জন্য প্রাপ্ত আবেদন জেলায় প্রেরণ করা হয়েছে।	---০---	উপজেলা সমাজ সেবা কর্ম কর্তা টুঞ্জিপাড়া
---	---------	---

### উপজেলা সমবায় কর্ম কর্তার কার্য লয়টুঞ্জিপাড়া

সভায় উপজেলা সমবায় কর্ম কর্তা, টুঞ্জিপাড়া জানান যে; দেশের বিভিন্ন স্থানে সমবায় বিভাগের নিবন্ধন বিহীন বহুমুখী/মাল্টিপারপাস সমিতির নামে সঞ্চয় সংগ্রহ ও লোন কার্য ক্রম পরিচালনা করছে। টুঞ্জিপাড়া উপজেলায় এ ধরনের কোন প্রতিষ্ঠান উপজেলা সমবায় কার্য লয়েরনজর এড়িয়ে কার্য ক্রম পরিচালনা করে থাকলে, উপজেলা সমবায় বিভাগকে অবহিত করতে অনুরোধ জানান। সভায় তিনি আরও জানান যে; দুগ্ধ উন্নয়ন প্রকল্পের আওতায় এই উপজেলায় ১৬৬ জন দুগ্ধ খামারীকে ০৩ (তিন) বছর মেয়াদী ১৩৭,৫০,০০০/= (এক কোটি সাইত্রিশ লক্ষ পঞ্চাশ হাজার টাকা সুদ বিহীন ঋণ দান করা হয়েছিল। বর্তমান মাস পর্যন্ত ঋণ আদায়ের পরিমাণ- ৪৬৮১৪০০/= টাকা। মাননীয় প্রধানমন্ত্রীর কার্য লয়ের আওতায় বাস্তবায়নাধীন আশ্রয়ন প্রকল্প ফেইজ ২ এর অধীনে উপজেলা সমবায় দপ্তর, টুঞ্জিপাড়া এর আওতায় নিবন্ধিত ০২টি সমিতিতে ৬৮ জন সদস্যকে ১১,১০,০০০/= টাকা ঋণ দান করা হয়েছে। বর্তমান মাস পর্যন্ত আদায়- ৪৩৩৭০৬/=। সুবিধা বঞ্চিত মহিলাদের জীবন যাত্রার মান উন্নয়ন প্রকল্পের আওতায় নারী উন্নয়ন সমিতির ০২টি নারী উন্নয়ন সমবায় সমিতি লিঃ এর ২০০ জন মহিলা সদস্যদের মধ্যে ২,৪০,০০,০০০/= টাকা সুদ বিহীন ঋণ প্রদান করা ঋণ আদায়ের পরিমাণ- ১০০৬১৫০০/= টাকা। খেলাপী ঋণ আদায়ের জন্য থানার মাধ্যমে নোটিশ প্রেরণ করা হয়েছে। এছাড়া দাপ্তরিক কার্য ক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে।	----০----	১। উপজেলা সমবায় কর্ম কর্তা টুঞ্জিপাড়া
--	-----------	---


### উপজেলা পল্লী উন্নয়ন কর্ম কর্তার কার্য লয়টুঞ্জিপাড়া

সভায় উপজেলা পল্লী উন্নয়ন কর্ম কর্তা, টুঞ্জিপাড়া জানান যে, পি আরডিপি-০৩ প্রকল্পের আওতায় বর্তমানে ০৩টি ভিডিসি স্কীমের কাজ চলমান রয়েছে। অপ্রধান শস্য উৎপাদন বিষয়ক প্রশিক্ষণ কার্য ক্রম পরিচালনা করা হয়েছে। এখন পর্যন্ত চলতি বৎসরে এ বিষয়ে ৫১০জন সুফলভোগীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্য ক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে।		১। উপজেলা পল্লী উন্নয়ন কর্ম কর্তা টুঞ্জিপাড়া
---	--	--

## বিবিধ

<p>সভায় উপজেলা নির্বাহী অফিসার, টুঙ্গিপাড়া জানান যে, উপজেলা পরিষদ চেয়ারম্যানের অনুকূলে নতুন জীপ গাড়ী বরাদ্দ পেয়েছেন। এই জীপ গাড়ীটি প্রাপ্তির পূর্বে প্রধান প্রকৌশলী স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা থেকে একটি জীপ গাড়ি সরকারি কাজে ব্যবহারের জন্য পেয়েছিলেন। স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর থেকে প্রাপ্ত জীপ গাড়ীটি বিধি মোতাবেক বুঝিয়ে দেওয়া প্রয়োজন। এমতাবস্থায়, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর থেকে প্রাপ্ত জীপ গাড়ীটি কোথায়/কার নিকট বুঝিয়ে দেওয়া হবে সে বিষয়ে প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর বরাবর পত্র প্রেরণের জন্য অনুরোধ জানান। সভায় তিনি আরও জানান যে, উপজেলা পরিষদের গ্যারেজের শার্টার মেরামত ও পার্টি শনের কাজ করানো হয়েছে। সভায় তিনি আরও জানান যে, বজ্রপাত/বৈদ্যুতিক শর্ট সার্কিটের জন্য উপজেলা পরিষদে স্থাপিত সিসি টিভি ক্যামেরার অ্যাপারেচারগুলো এবং উপজেলা পরিষদ চেয়ারম্যান এর কক্ষের ইন্টারনেট লাইনের ক্যাবল নষ্ট হয়ে গেছে। দ্রুত সিসি টিভি ক্যামেরা ও ইন্টারনেট লাইনের ক্যাবল পরিবর্তন করা প্রয়োজন। উক্ত কাজের বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য অনুরোধ জানান। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।</p>	<p>সিদ্ধান্তঃ উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক উত্থাপিত প্রস্তাবগুলো সর্ব সম্মত সিদ্ধান্তের প্রেক্ষিতে অনুমোদিত হয়।</p>	<p>(১) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, টুঙ্গিপাড়া (২) উপজেলা নির্বাহী অফিসার, টুঙ্গিপাড়া।</p>
---	---	--

অতঃপর সভায় অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্তি ঘোষণা করেন।

  
(মোঃ সেলিম রহমান বিশ্বাস)  
চেয়ারম্যান  
উপজেলা পরিষদ  
টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ।


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ।

স্মারক নং-০৫.৩০.৩৫৯১.০০৬.০০.০০১.১২- ৮৮৮

তারিখঃ ২৬/০৫/২০২২খ্রিঃ

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'ল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
- ০৪। জেলা প্রশাসক, গোপালগঞ্জ।
- ০৫। মাননীয় জাতীয় সংসদ সদস্যের প্রতিনিধি, গোপালগঞ্জ-৩।
- ০৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার, গোপালগঞ্জ।
- ০৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, টুঙ্গিপাড়া।
- ০৮। মেয়র, টুঙ্গিপাড়া পৌরসভা, টুঙ্গিপাড়া।
- ০৯। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, টুঙ্গিপাড়া।
- ১০। উপজেলা ..... কর্ম কর্তা) টুঙ্গিপাড়া/অফিসার ইনচার্জ, টুঙ্গিপাড়া থানা, গোপালগঞ্জ।
- ১১। চেয়ারম্যান ..... ইউপি (সকল), টুঙ্গিপাড়া।
- ১২। জনাব .....
- ১৩। অফিস কপি।

  
(এ.কে.এম. হেদায়েতুল ইসলাম)  
উপজেলা নির্বাহী অফিসার  
টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ।  
ফোন নং-(০২) ৬৬৫৬২০২